



BANGLADESH TEXTILE MILLS ASSOCIATION

বাংলাদেশ টেক্সটাইল মিলস্ এসোসিয়েশন

Unique Trade Centre (Level 8), 8, Panthapath, Karwan Bazar, Dhaka-1215, Bangladesh
Phone : +88 02 9101508, 9130969, 58156619, Fax : +88 02 9125338
E-mail : btmasg@gmail.com, btma2@yahoo.com, Web : www.btmadhaka.com

বিটিএমএ.৫৪৪.৯৩৩

ডিসেম্বর ১৮, ২০১৯


ব্যবস্থাপনা পরিচালক
সকল সদস্য মিল বিটিএমএ ।

বিষয়: রপ্তানিমুখী তৈরী পোশাক খাতের (নীট, ওভেন ও সোয়েটার) অন্তর্ভুক্ত সকল ক্ষুদ্র ও মাঝারি শিল্পের অতিরিক্ত সুবিধা ।

জনাব,

উপরোক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংকের বৈদেশিক মুদ্রা নীতি বিভাগের ২২-০৯-২০১৯ইং তারিখে ইস্যুকৃত এফই সার্কুলার নং-৩৫-এর ১নং ক্রমিকস্থ তালিকার ২নং ক্রমিকের প্রতি আপনার সদয় দৃষ্টি আর্কষণ করছি । এ বিষয়ে স্পষ্টীকরণ করে ১৫ ডিসেম্বর ২০১৯ইং তারিখে জারীকৃত এফ.ই.সার্কুলার নং -৪৮ আপনার সদয় আবেগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে সংযুক্ত করে প্রেরণ করা হলো ।

ধন্যবাদান্তে,


[ফিরোজ আহমেদ]
সেক্রেটারী জেনারেল ।

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা ।
www.bb.org.bd

এফই সার্কুলার নং-৪৮

তারিখ : ৩০ অগ্রহায়ণ ১৪২৬
১৫ ডিসেম্বর ২০১৯

সকল অনুমোদিত ডিলার ব্যাংকের
প্রধান কার্যালয়/প্রিন্সিপাল অফিস ।

প্রিয় মহোদয়,

রপ্তানিমুখী তৈরী পোশাক খাতের (নীট, ওভেন ও সোয়েটার) অন্তর্ভুক্ত সকল ক্ষুদ্র ও মাঝারি শিল্পের অতিরিক্ত সুবিধা ।

শিরোনামোক্ত বিষয়ে আপনাদের দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, এফই সার্কুলার নং-৩৫, তারিখ ২২ সেপ্টেম্বর ২০১৯ এর ২ নম্বর অনুচ্ছেদে ক্ষুদ্র ও মাঝারি হোম টেক্সটাইল ও টেরিটাওয়্যেলসহ রপ্তানিমুখী তৈরী পোশাক খাতের (নীট, ওভেন ও সোয়েটার) অন্তর্ভুক্ত সকল ক্ষুদ্র ও মাঝারি উৎপাদনকারী-রপ্তানিকারক প্রতিষ্ঠানগুলোর অনুকূলে অতিরিক্ত নগদ সহায়তা সুবিধা প্রাপ্যতার বিষয়ে নির্দেশনা জ্ঞাপিত রয়েছে । সরকারি সিদ্ধান্ত অনুযায়ী এ মর্মে স্পষ্টীকরণ করা যাচ্ছে যে, ক্ষুদ্র ও মাঝারি শিল্পের অতিরিক্ত সুবিধা পূর্বের ন্যায় তৈরী পোশাক/বস্ত্রজাত সামগ্রী উৎপাদনকারী-রপ্তানিকারক, বস্ত্র উৎপাদনকারী ও সুতা উৎপাদনকারীর মধ্যে যে কোন একপক্ষ প্রাপ্য হবে । তবে এক্ষেত্রে অভ্যন্তরীণ ব্যাক টু ব্যাক ঋণপত্রে প্রাপকপক্ষের নাম ও ঠিকানা সুনির্দিষ্টভাবে উল্লেখ থাকা সাপেক্ষে প্রচলিত বিকল্প নগদ সহায়তা এবং ক্ষুদ্র ও মাঝারি শিল্পের অতিরিক্ত সুবিধার প্রাপকপক্ষ ভিন্ন হতে পারবে । উল্লিখিত সুবিধা দু'টির প্রাপকপক্ষ ভিন্ন হলে সুবিধা অনুসারে প্রাপকপক্ষের নাম ও ঠিকানা সংশ্লিষ্ট অভ্যন্তরীণ ব্যাক টু ব্যাক ঋণপত্রে উল্লেখ করতে হবে । এক্ষেত্রে পৃথকভাবে আবেদনপত্র দাখিল এবং নিরীক্ষা কার্যক্রম সম্পাদন করা যাবে ।

২। উপরোক্ত নির্দেশনা ১ জুলাই ২০১৯ তারিখ হতে জাহাজীকৃত পণ্যের ক্ষেত্রে কার্যকরী হবে ।

সংশ্লিষ্ট সকল পক্ষকে বিষয়টি অবহিত করার জন্য অনুরোধ করা যাচ্ছে ।

আপনাদের বিশ্বস্ত,



(মোহাম্মদ খুরশীদ ওয়াহাব)

মহাব্যবস্থাপক

ফোন : ৯৫৩০১২৩